



-ঃ নিয়োগ বিজ্ঞপ্তি ঃ-

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদগুলির নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে ঃ-

১। আইন বিভাগ

ল্যাবরেটরী সহকারী টাঃ- ৫৫০০-৩৪৫-৭৯১৫-ইবি- ৩৮০-১২০৯৫/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০০৯)	১ (এক) টি	প্রার্থীকে এস.এস.সি/এইচ.এস.সি/স্নাতক পাস হইতে হইবে। প্রয়োজনীয় ক্ষেত্রে ডিপ্লোমা / ট্রেডকোর্স ইত্যাদি পাস হইতে হইবে। প্রার্থীকে ২(দুই) বৎসরের যথাযথ অভিজ্ঞতাসহ কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণ প্রাপ্ত হইতে হইবে। শিক্ষা জীবনে কোন ওয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।
---	-----------	---

২। জনসংযোগ দপ্তর

ডার্করুম সহকারী টাঃ- ৪৯০০-২৯০-৬৯৩০-ইবি- ৩২০-১০৪৫০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০০৯)	১ (এক) টি	প্রার্থীকে স্নাতক ডিগ্রিধারী হইতে হইবে। ফটোগ্রাফি ও ফটো এডিটিং-এ ডিগ্রী/ডিপ্লোমা অর্জন প্রার্থীর বিশেষ যোগ্যতা হিসাবে গণ্য হইবে। ফটোশপ, ফটোএডিটিং, ফিল্ম ডেভেলপিং এবং ফটোপ্রিন্টিং-এর কাজে দক্ষতাসহ প্রার্থীর ডার্করুমের কাজের পূর্ণ অভিজ্ঞতা থাকিতে হইবে। এছাড়া ফিল্ম ও ডিজিটাল ক্যামেরায় ছবি তোলা, এম এস ওয়ার্ড (বাংলা ও ইংরেজি টাইপিং)-এর দক্ষতা আবশ্যিক এবং হার্ডওয়ার সংক্রান্ত জ্ঞান ও দক্ষতা বিশেষ যোগ্যতা বলে বিবেচিত হইবে। প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় কর্মরত অথবা স্বীকৃত কোন প্রতিষ্ঠানে ফটোগ্রাফি ও ফটো এডিটিং-এ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার যে কোন একটি শর্ত শিথিলযোগ্য। শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য নয়।
---	-----------	--

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসা পত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রারের বরাবর লিখিত দরখাস্ত আগামী ২১-০১-২০১৬ তারিখের মধ্যে ক্রমিক-১ এর আবেদনপত্র আইন বিভাগের চেয়ারম্যান-এর অফিসে এবং ক্রমিক-২-এর আবেদনপত্র পরিচালক, জনসংযোগ দপ্তর-এর নিকট পৌছাইতে হইবে।

আবেদনকারীদেরকে অবশ্যই আবেদনপত্রে তাহাদের শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রী উল্লেখ করিতে হইবে। এইরূপ কোন তথ্য গোপন/উল্লেখ না করিলে ভবিষ্যতে তাহাদের পরীক্ষা পাশের সার্টিফিকেট লিখিতে সংযুক্ত করা হইবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হইবে। ইহাছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হইবে না।

চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করিতে হইবে।